## মার্চ ২০২৫ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ১৯.০৩.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে রমজানুল মোবারক ও মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি দিওড় ইউনিয়নে সরকারি চাল বিতরণের শেষ পর্যায়ে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে উপজেলা সমবায় অফিসার জনাব মুহাম্মদ রকিবুল হাসান দুষ্কৃতিকারীর দ্বারা আহত হয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেস, বিরামপুরে ভর্তি আছেন মর্মে অবহিত করেন। তার মাথায় আঘাত করায় প্রচুর রক্তক্ষরণ হয়েছে এবং একাধিক সেলাই পড়েছে। এ সভার পক্ষ থেকে উক্ত ঘটনার জন্য নিন্দা জানানো হলো। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সকলের দৃষ্টি আকর্ষণ করে সতর্কতার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন।

পরিচিতি পর্বে উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুরে ইন্সট্রাক্টর হিসেবে যোগদানকৃত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম তার পরিচয় তুলে ধরেন। তার বাড়ি জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলায়। তিনি ২ সন্তানের জনক। পূর্ববর্তী কর্মস্থল নওগাঁ সদর। তিনি ২৫.০২.২০২৫খ্রি. তারিখে এ উপজেলায় যোগদান করে কর্মরত আছেন। বিদায়ী ইন্সট্রাক্টর জনাব মোঃ আজমল হোসেন তার সহদর ছোট ভাই। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ সভায় তাকে স্বাগত জানানো হয়।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা হয়নি।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা ওয়েব পোর্টালে আপলোড করে হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করে বলেন যে, সার উদ্বৃত্ত আছে। কোন সমস্যা নেই। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তালিকা দেয়ার অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, এ উপজেলায় রবি ২০২৪-২০২৫ অর্থবছরে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৫২৫৮ হেক্টর। ১৫২৫৮ হেক্টর জমিতেই বোরো ধান রোপন করা সম্পন্ন হয়েছে। আলুর লক্ষ্যমাত্রা ছাড়িয়ে ১৭৫০ হেক্টর স্থলে অর্জিত হয়েছে ২৫৯০ হেক্টর। ফলন পাওয়া গেছে ৬২১১৫ মেঃটন। রবি ২০২৪-২০২৫ অর্থবছরে সরিষা ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১৮৩০ হেক্টর অর্জিত হয়েছে ১৩৫০ হেক্টর। এ পর্যন্ত ১৩৩৫ হেক্টরে সরিষা উত্তোলন হয়েছে ১৯৭৫ মেঃটন। এ অর্থ বছরে শাকসবজির লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২৮০ হেক্টর অর্জিত হয়েছে ১২৭০ হেক্টর। ফলনের পরিমান ২৯৯০৮ মেঃটন। এছাড়াও গমের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৮ অর্জিত হয়েছে ৮৫, ভূট্টার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭২৫ অর্জিত হয়েছে ১২৭৫, মিষ্টি আলুর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ০৪ অর্জিত হয়েছে ২, সূর্যমুখীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭ অর্জিত হয়েছে ৫, পেঁয়াজের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১২৫ অর্জিত হয়েছে ১২৫; ফলন পাওয়া গেছে ১২৫০ মেঃটন, রসুনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ২০ অর্জিত হয়েছে ২০ এবং মরিচের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৫০ অর্জিত হয়েছে ৫২ হেক্টর ফলন হয়েছে ৯৪ মে.টন। এখন পর্যন্ত বাকী ফসলসমূহ মাঠে ভাল অবস্থায় আছে মর্মে তিনি উল্লেখ করেন।<br>তিনি সভায় আরও জানান যে, খরিপ-১/২০২৪-২০২৫ অর্থ বছরে কৃষি কর্মসূচির আওতায় ৪০০ জন আউশ ধান এবং ২০ জন মুগ ডাল চাষীর মাঝে বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের বরাদ্দ পাওয়া গেছে। সকল ইউনিয়ন ও পৌরসভায় আউশ ও মুগ ডাল আবাদের ভিত্তিতে বিভাজন করা হয়েচে। কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুমোদন সাপেক্ষে প্রকৃত কৃষকের মাঝে বিতরণ করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৬</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৭</u><br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপকরণ ও পশু খাদ্য ঢাকা থেকে আসার পর বিতরণ শুরু করবেন। এ পর্যায়ে ফেব্রুয়ারি ২০২৫ মাসের তথ্য উপস্থাপন করা হয়। ১৬৩৭টি গবাদি প্রাণির এবং ৬৬০৩টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩৯৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫৪টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে <u>মোট ৩ মাসের টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২০২৫ মাসে</u> (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৪০০ মাত্রা, (৩) গলাফুলা-৪০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৪০০০০ মাত্রা, (৫) আরডিবি-১০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-৫০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০০ মাত্রা, (৮) গট পক্স-৫০০ মাত্রা, (৯) গামবোরো-৭০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-১০০০০ মাত্রা, (১১) ক্ষুরা-৪০০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-৫০০ মাত্রা। সর্বমোট=১২০৭০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| <u>আলোচনাঃ ৮</u><br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইতোমধ্যে পুকুর পরিদর্শন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার,বিরামপুরের সাথে পরামর্শক্রমে কার্যক্রম গ্রহণ করা মর্মে তিনি সভায় জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গ্রীষ্মকাল হওয়ায় এ সময় বিদ্যুতের চাহিদা বেশী। প্রায় ডাবল ৭০ মেগাওয়াট। তিনি সবাইকে সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ করেন। সাশ্রয়ী হলে বিদ্যুৎ সবাই পাবেন বলে তিনি আশা করেন। ২৫ মার্চ রাত ১০.০০ থেকে ১০.০১ মিঃ পর্যন্ত ০১ মিনিট ব্লাক আউটের নির্দেশনা পাওয়া গেছে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত নেই। ফলে উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তেমন সমস্যা নেই। তবে তিনি আরও জানান যে, যারা সোলারের কাজ করছে তারা কোন যাগাযোগ না করেই কাজ চারিয়ে যাচ্ছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, যত্রতত্র সোলার বসানো যাবে না। রবি শস্যের সময় সোলার চালানো হলে সমস্যা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পবিত্র রমজান উপলক্ষ্যে বিদ্যালয়গুলো বন্ধ থাকবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৯ম শ্রেণির বিজ্ঞান বই ছাড়া অবশিষ্ট সব বই পাওয়া গেছে এবং তা শিক্ষার্থীদের হাতে পৌঁছে গেছে। ২৬ মার্চ ২০২৫ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উদযাপন হবে। উপজেলা সদরের ৪টি শিক্ষা প্রতিষ্ঠান উপজেলা পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, ১০.০৪.২০২৫ তারিখ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি ও সমমানের পাবলিক পরীক্ষা শুরু হবে। থানা থেকে পরীক্ষা কেন্দ্রে প্রশ্ন বহন/বিতরণে অধিক সতর্কতা অবলম্বন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, চাঁদপুর ফাজিল মাদ্রাসা কেন্দ্রে শক্ত দরোজা-জানালা নেই। এ কেন্দ্রে যেন কোন ধরণের বিশৃঙ্খলার সৃষ্টি না হয় সেদিকে বেশী গুরুত্ব দিয়ে দায়িত্ব পালন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার কম। ইরি মৌসুম চলার কারণে আদায়ের হার কম হচ্ছে। সার্টিফিকেট মামলার খাতক যে পরিমান টাকা জমা করতে চান তা জমা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর তাকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ১-২০ তারিখের মধ্যে আবেদন করতে হবে। কমিটি ২০-২৫ তারিখের মধ্যে যাচাই-বাছাই করে ২৫.০৩.২০২৫ তারিখে অনুমোদন দিবে। তবে এবার ২৩.৩.২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবেদন করা যাবে। তবে আগে প্রচার করা যাবে না। কারণ সার্ভারের উপর নির্ভর করবে আবেদন করা। তিনি আরও উল্লেখ করেন যে, ইদ-উল-ফিতর উপলক্ষ্যে কিশোর কিশোরী ক্লাব বন্ধ থাকবে। তবে ইদের পর যথারীতি চলবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরও জানান যে, ২৩ মার্চ ২০২৫ তারিখের মধ্যে মার্চ/২৫ মাসের মাসিক প্রদান করার নির্দেশনা পাওয়া গেছে। যারা এখনও ভবিষ্য তহবিলের নমিনি Online করেননি তাদেরকে দ্রুত Online করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর মাতৃত্বকালিন ছুটিতে আছেন। তার স্থলাভিষিক্ত করা হয়েছে কি-না তা জানা যায়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৪-'২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে ৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক ০৭টি প্রশিক্ষণ কোর্সে ২১০ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ট্রেডে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়াও দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষন গ্রহণ করছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৩২,৭৩,৩৬০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৩২,৩৯,২০০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৮.৯৬%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১০,২৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৮৫,৮৫,৬০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৬৩,৯৪,৬৭৩৫/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২.৩৪%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও ভালভাবে চলছে। কোন সমস্যা নেই। ১৩টি ফ্যানের প্রয়োজন। বাজেট নেই। জোতবানী কমিউনিটি ক্লিনিকের গাছ কাটার বিষয়ে ডিডি, দিনাজপুরকে পত্র দিয়েছেন। বিনাইল কমিউনিটি ক্লিনিকের ছাদের অবস্থা ভাল নেই। উল্লিখিত বিষয়ে নিজ দপ্তরের সাথে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার তাকে পরামর্শ প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসার তথ্য আপার উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করলে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, বরাদ্দ অনুযায়ী উঠান বৈঠক শেষ হয়েছে। আবার বরাদ্দ পাওয়া গেলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে আমন্ত্রণ জানাবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, টিউবওয়েল স্থাপনের জন্য স্থান নির্বাচনের কাজ চলছে। সাব-মার্সেবল পাম্প-২৮টি এবং তারাপাম্প ৫৬টি মোট ৮৪টি। তালিকা পাওয়া গেছে। অনুমোদন পেলেই কাজ শুরু করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, রমজানের কারণে জরীপ ও শুমারীর কাজ বন্ধ আছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর ট্যাগ অফিসার হিসেবে দিওড় ইউনিয়ন পরিষদে সরকারি দায়িত্ব পালনকালে হামলার শীকার হয়েছেন। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন। তার দ্রুত সুস্থতা কামনা করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিরামপুর উপজেলার প্রায় সব ইউনিয়নের ১৩ কিঃমিঃ রাস্তা বনায়ন করার লক্ষ্যে বন বিভাগ কর্তৃক ১.৫০ লক্ষ গাছ লাগানোর উদ্যোগ গ্রহণ করা হবে। তবে মেয়াদ পূর্ণ হওয়ায় ইতোমধ্যে ৩৫ হেক্টর বাগানের গাছ কাটা হয়েছে। দেশীয় প্রজাতির প্লান্টেশন করা হচ্ছে। এ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫,০০০ গাছের চারা বিতরণের পরিকল্পনাও রয়েছে। এ গাছের মালিক হবে প্রতিষ্ঠান প্রধান। জোতবানী ইউনিয়নের গাছ কাটার বিষয়ে পুনরায় প্রাক্কলন প্রেরণের জন্য জেলা বন বিভাগ থেকে পত্র প্রদান করা হয়েছে ।<br>তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে সভায় উল্লেখ করেন যে, বৃক্ষরোপনে জাতীয় পুরস্কার বিষয়ে নতুন নির্দেশনা এসেছে। নির্দেশনা মোতাবেক পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। অফিসে তেমন কোন সমস্যা নেই। বিরামপুর বন বিভাগের অফিস সংলগ্ন পুকুরটি পাড় ভেঙ্গে বড় হয়ে যাচ্ছে। সে কারণে প্যালাসাইডিং করেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, স্মার্ট কার্ড বিতরণ চলমান রয়েছে। নতুন ভোটার যারা বাদ পড়েছে তারা এখনও ভোটার হতে পারবে। স্থানান্তর ও নতুন ভোটার হওয়ার কার্যক্রম সারা বছর চলমান থাকে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | জনাব আজমল হোসেন ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে। বদলিজণিত কারণে আজকে এ উপজেলায় তার শেষ মিটিং। তিনি হাকিমপুর উপজেলায় বদলি হয়েছেনি। ২০১৭ সালে এ উপজেলায় যোগদান করেছিলেন। তার স্থলাভিষিক্ত হয়েছেন তারই সহোদর ভাই যিনি ২০০২-২০০৭ সাল পর্যন্ত এ উপজেলায় কর্মরত ছিলেন। জনাব আজমল হোসেন বিদায়ী ইন্সট্রাক্টর সকলের দোয়া চান।<br>জনাব মোঃ শফিকুল ইসলাম সদ্য যোগদানকৃত ইন্সট্রাক্টর সভায় জানান যে, তিনি প্রশিক্ষণ কাজে নিয়োজিত। তিনি যেন তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে পারেন যে বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, সবাই মিলে টিম হিসেবে কাজ করা হয়। এ ধারাবহিকতা বজায় রেখে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার এখন হ্রাস পেয়েছে তবে মে-জুন মাসে আদায়ের হার বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, ঋণ আদায় ও বিতরণ কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার ৯৬% | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২ তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিকভাবে চলছে তথ্যকেন্দ্রের কার্যক্রম। ৭টি উঠান বৈঠকের জন্য বরাদ্দ পাওয়া গেছে এবং ৭টি উঠান বৈঠক শেষ করা হয়েছে। আবার উক্ত খাতে বরাদ্দ পেলে রিসোর্স পার্সন নির্বাচন করে উঠান বৈঠকের কাজ শুরু করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর প্রশিক্ষণে ঢাকায় অবস্থান করছেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আমন ধান ও চাল সংগ্রহ কার্যক্রম ২৮.০২.২০২৫ তারিখে শেষ হয়েছে। আতব চাল সংগ্রহ করা হয়েছে। খানপুর ও দিওড়ে VGF এর চাল বিতরণ কার্যক্রম চলছে। মুকুন্দপুর, কাটলা, বিনাইল ও পলিপ্রয়াগপুরে খাদ্য বান্ধবের চাল বিতরণ শেষ হয়েছে। শ্রমিকবৃন্দ স্ট্যান্ডবাই আছেন। পৌরসভার জন্য আতব চাল সংগ্রহ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬ ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্ত সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে তাদের শুভেচ্ছা জানিয়ে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তার ইউনিয়নে টিসিবি'র পণ্যসহ ভিজিডি-ভিজিএফ এর চাল বিতরণ সুষ্ঠুভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | -- | -- | -- |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ফেব্রুয়ারি/২০২৫ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর ফেব্রুয়ারি/২৫ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৪,৩০০+১৪,৩০০=২৮,৬০০/-) | =২৮,৬০০০/- |
| ০২ | ফেব্রুয়ারি/২০২৫ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৩ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৪ | মহান বিজয় দিবস ২০২৪ এবং ২১ ফেব্রুয়ারি২০২৫ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন ব্যয় বাবদ প্রদান। (ভ্যাট ও আয়করসহ)[৬৪,৩৪২+৬,৯০৮+৩,৭৫০=৭৫,০০০/-] | ৭৫,০০০/- |
| ০৫ | প্রোঃ/ম্যানেজার, মেসার্স শর্মিলী ফিলিং স্টেশন, ফুলাড়িকে ফেব্রুয়ারি/২০২৫ মাসের জ্বালানী তেলের বিল পরিশোধ বাদ প্রদান। (৯,৬১৫+৪৮১=১০,০৯৬/-/-) | ১০,০৯৬/- |
| ০৬ | উপজেলা পরিষদ জীপগাড়ির রক্ষণাবেক্ষণ কাজের ব্যয় পরিশোধ বাবদ প্রদান (ভ্যাট ও আয়করসহ)[২,১২৫+২৫০+১২৫=২,৫০০/-] | =২,৫০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর,দিনাজপুর আগাম ইদের শুভেচ্ছা জানিয়ে এবং ২৬ মার্চ ২০২৫ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল অনুষ্ঠানে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/০৩/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৩১৩/১(৪৫) তারিখঃ ১৬.০৪.২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।

০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।

০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭. উপজেলা.............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

০৮. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

০৯. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৬/০৪/২৫

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd